

স্মারক নং-প্রাগম/তঃশৃঃ/বিমা-১৫/২০১৫- ৪৭৪

তারিখঃ ১৮ আশ্বিন ১৪২৩
০৩ অক্টোবর ২০১৬

আদেশ

যেহেতু, জনাব জ্যোতির্ময় চন্দ্র সরকার, উপজেলা শিক্ষা অফিসার, শিবগঞ্জ, চাপাইনবাবগঞ্জ (বদলীকৃত কর্মস্থল উপজেলা শিক্ষা অফিসার, আদমদীঘি, বগুড়া ও পরবর্তীতে সদর, নীলফামারী)-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩ (সি) মোতাবেক অসদাচরণ ও ডিজারশনের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, ব্যক্তিগত শুনানী গ্রহণের পর বিভাগীয় মামলা তদন্তের জন্য জনাব সরদার মোঃ কেলামত আলী, উপ-সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে ডিজারশনের অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে ২য় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ২য় কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করেন ;

যেহেতু, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত ডিজারশনের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। তবে তাঁর স্ত্রী ও কন্যা দুরারোগ্য ব্যাধি থ্যালেসেমিয়া রোগে আক্রান্ত থাকায় এ বিষয়টি মানবিক কারণে বিবেচনায় এনে তাকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) উপবিধি মোতাবেক ০১ (এক)টি বাৎসরিক ইনক্রিমেন্ট (পরবর্তী ধাপের ০১টি বেতন বৃদ্ধি) পরবর্তী ০১ (এক) বছরের জন্য স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব জ্যোতির্ময় চন্দ্র সরকার, উপজেলা শিক্ষা অফিসার, সদর, নীলফামারী-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) উপবিধি মোতাবেক ০১ (এক)টি বাৎসরিক ইনক্রিমেন্ট (পরবর্তী ধাপের ০১টি বেতন বৃদ্ধি) পরবর্তী ০১ (এক) বছরের জন্য স্থগিত করা হ'ল। উল্লেখ্য যে, তিনি ভবিষ্যতে স্থগিত বেতন বৃদ্ধির কোন অংশ বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
০৩/১০/২০১৬
(মোহাম্মদ আসিফ-উজ্জ-জামান)
ভারপ্রাপ্ত সচিব

স্মারক নং-প্রাগম/তঃশৃঃ/বিমা-১৫/২০১৫- ৪৭৪

তারিখঃ ১৮ আশ্বিন ১৪২৩
০৩ অক্টোবর ২০১৬

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ/রংপুর বিভাগ।
- ৫। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ/বগুড়া/নীলফামারী।
- ৭। জনাব জ্যোতির্ময় চন্দ্র সরকার, উপজেলা শিক্ষা অফিসার, সদর, নীলফামারী।
- ৮। অফিস কপি।

D:\Bima Order\Release-UEO.doc

(সরদার মোঃ কেলামত আলী)
উপ-সচিব (তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা)